রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/০১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১২৩-আইন/২০২৬।**―সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এর ধারা ২৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:―

উপরি-উক্ত বিধিমালার―

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) ও (ককক) সন্নিবেশিত হইবে, যথা :―

"(কক) **"আউটসোর্সিং সেবাকর্মী"** অর্থ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আওতায় মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সরকারি প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, স্বশাসিত/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে আউটসোর্সিং প্রক্রিয়ায় নির্ধারিত সেবা প্রদানের লক্ষ্যে চুক্তিবদ্ধ বাংলাদেশী নাগরিক;

(ককক) **"এককালীন উত্তোলন"** অর্থ একজন চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হইবার পর আগ্রহী হইলে তাঁহার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% (ত্রিশ শতাংশ) অর্থ (অফেরতযোগ্য) এককালীন উত্তোলন;";

(২) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (খখ) সন্নিবেশিত হইবে, যথা :―


**মূল্য :** টাকা ৮.০০

"(খখ) **প্রগতি স্কিম (আউটসোর্সিং সেবাকর্মীগণের জন্য) :** আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আওতায় নির্দিষ্ট সেবা প্রদানের লক্ষ্যে সেবাকর্মী হিসাবে চুক্তিবদ্ধ বাংলাদেশী নাগরিকগণ প্রতিষ্ঠানের পরিবর্তে ব্যক্তিগতভাবে প্রগতি স্কিমে বাধ্যতামূলক নিবন্ধিত হইবেন, এবং এই স্কিমের আওতায় চাঁদা প্রদানের ক্ষেত্রে অন্যূন ৫০০ (পাঁচশত টাকা) অথবা যে কোনো উচ্চতর থ্রেশহোল্ড (Threshold) নির্বাচন করিতে পরিবেন, এবং কোনো সেবাকর্মী আউটসোর্সিং নীতিমালার আওতায় সাময়িকভাবে কর্মরত না থাকিলে উক্ত সময়ে তাহার মাসিক চাঁদা প্রদান ঐচ্ছিক হিসাবে বিবেচিত হইবে :

তবে শর্ত থাকে যে, পুনরায় নিয়োগ প্রাপ্তির পর এককালীন বা পর্যায়ক্রমে বকেয়া পরিশোধ করিয়া তাহার হিসাব আবশ্যিকভাবে হালনাগাদ করিবেন;";

(৩) বিধি ১৫ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩), (৪), (৫), (৬), (৭) ও (৮) সংযোজিত হইবে, যথা :—

"(৩) একজন চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হইবার পর আগ্রহী হইলে তাঁহার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% (ত্রিশ শতাংশ) অর্থ (অফেরতযোগ্য) এককালীন উত্তোলন করিতে পারিবেন, সেইক্ষেত্রে কর্পাস হিসাবের অবশিষ্ট অর্থের উপর ভিত্তি করিয়া মাসিক পেনশন নির্ধারিত হইবে।

(৪) ঋণের জন্য আবেদন করিবার ক্ষেত্রে আবেদন দাখিলের পূর্ববর্তী মাস পর্যন্ত মাসিক চাঁদা পরিশোধিত থাকিতে হইবে।

(৫) কমপক্ষে ২৪ (চব্বিশ) মাস অর্থাৎ ২ (দুই) বৎসর নিয়মিত চাঁদা প্রদান অথবা কর্পাস হিসাবে চাঁদা হিসাবে নিজস্ব জমার পরিমাণ কমপক্ষে ১ (এক) লক্ষ টাকা হইলেই ঋণের জন্য আবেদন করা যাইবে।

(৬) একটি ঋণের কিস্তি চলমান থাকা অবস্থায় নূতনভাবে আরেকটি ঋণের জন্য আবেদন করা যাইবে না।

(৭) ঋণ গ্রহণের পরবর্তী মাস হইতে মাসিক কিস্তি প্রদান শুরু করিতে হইবে।

(৮) গৃহীত মোট ঋণের ২% (দুই শতাংশ) সার্ভিস চার্জ হিসাবে প্রদান করিতে হইবে এবং সার্ভিস চার্জের অর্থ ঋণের কিস্তি পরিশোধ হইবার ঠিক পরবর্তী মাসে ১ (এক) কিস্তিতে পরিশোধ করিতে হইবে এবং এই অর্থ চাঁদাদাতার নিজস্ব কর্পাস হিসাবে জমা হইবে।";

(৪) তফসিল এর পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"তফসিল**

[বিধি ২(১) (ঘ) এবং বিধি ৩ দ্রষ্টব্য]

**প্রবাস স্কিম**

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

## সুরক্ষা স্কিম

| মাসিক চাঁদার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

## প্রগতি স্কিম

| মাসিক চাঁদার হার | ৫০০ টাকা (শুধুমাত্র আউটসোর্সিং সেবা কর্মীদের জন্য) | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা | ১৫,০০০ টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ১৭,২৩৩ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ | ৫,১৬,৯৮২ |
| ৪০ | ১৪,০৭২ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ | ৪,২২,১৫৬ |

| মাসিক চাঁদার হার | ৫০০ টাকা (শুধুমাত্র আউটসোর্সিং সেবা কর্মীদের জন্য) | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা | ১৫,০০০ টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) | মাসিক পেনশন (টাকা) |
| ৩৫ | ৮,৬৫১ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ | ২,৫৯,৫৩৪ |
| ৩০ | ৫,৩৮৮ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ | ১,৬১,৬৩৮ |
| ২৫ | ৩,৩৪৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ | ১,০০,৩৫৪ |
| ২০ | ২,০৩৫ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ | ৬১,০৪৬ |
| ১৫ | ১,১৮১ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ | ৩৫,৪৩৯ |
| ১০ | ৬২০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ | ১৮,৫৮৯ |

**সমতা স্কিম**

| **মাসিক চাঁদার হার** | ১০০০ টাকা |
|---|---|
| **চাঁদা প্রদানের মোট সময় (বৎসরে)** | চাঁদাদাতা ৫০০ টাকা+ সরকার অংশ ৫০০ টাকা |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৯,২০০ |
| ৩৫ | ১৯,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫৩০ |

**বিশেষ দ্রষ্টব্য :** বিধি ৩ এর উপ-বিধি (২) এবং বিধি **১২** এর বিধান সাপেক্ষে মাসিক পেনশনের পরিমাণ হ্রাস-বৃদ্ধি হইতে পারে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফেরদৌস আলম**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd